



স্মারক নং : বশেমুরকবি/প্রশা:/ব্য:-৪৭৭/০৮/১৬৮৮

তারিখ- ০৩/০৫/২০২১

প্রেরক : রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬।

প্রাপক : ড. মো. এমদাদুল হক
অধ্যাপক

এগ্রো-প্রসেসিং বিভাগ, বশেমুরকবি, গাজীপুর-১৭০৬।
মোবাইল: ০১৯৩৪-৪৯৯৮৬৭


ই-মেইল:amdad115@gmail.com, mahaque@bsmrau.edu.bd

বিষয় : শিক্ষা ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার ২৭/০৪/২০২১ তারিখের আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুরের বিষয়ে গঠিত কমিটির ৫৯ তম সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে Novel Food Innovation Project, Deakin University, Australia-এর অর্থায়নে Centre for Chemistry and Biotechnology, Deakin University, Australia-তে Research in Novel Food Innovation শিরোনামে Post-doctoral গবেষণা করার জন্য ০৬/০৫/২০২১ হইতে ০৫/০৫/২০২৩ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর পূর্ণগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে অস্ট্রেলিয়া গমন ও তথায় অস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরকবি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলী :

- আপনার Post-doctoral গবেষণার বিষয় বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
- এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার Novel Food Innovation Project, Deakin University, Australia কর্তৃক বহন করা হইবে। ইহাতে বাংলাদেশ সরকার/ বশেমুরকবি'র কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
- আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
- শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরকবি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার প্রকাশনাসমূহের এক কপি বশেমুরকবি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
- শিক্ষা ছুটি চলাকালে আপনি যদি পোস্ট ডক্টরাল গবেষণালব্ধ ডাটা ব্যবহার করিয়া কোন পাবলিকেশন করেন, সেইক্ষেত্রে অথর (Author)-এর ঠিকানা হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে। উল্লেখ না থাকিলে উক্ত পাবলিকেশন পরবর্তী পদোন্নতি/পর্যায়োন্নয়ন-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
- ডিগ্রি সমাপ্তিতে প্রদত্ত বন্ড অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ৫ বছর এবং পূর্বে প্রদত্ত ভন্ড অনুযায়ী ৬ বছরসহ সর্বমোট ১১ বছর চাকুরি করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইস্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।



(মো. সিরাজুল ইসলাম তালুকদার)

রেজিস্ট্রার

ফোন-৯২০৫৩২৩


ই-মেইল: registrar@bsmrau.edu.bd

তারিখ- ০৩/০৫/২০২১

স্মারক নং : বশেমুরকবি/প্রশা:/ব্য:-৪৭৭/০৮/১৬৮৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ট্রেজারার, বশেমুরকবি।
- ডীন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন) অনুষদ, বশেমুরকবি।
- মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- বিভাগীয় প্রধান, এগ্রো-প্রসেসিং বিভাগ, বশেমুরকবি।
- সহকারী-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরকবি।
- উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরকবি।
- কম্পিউটার এনালিস্ট, বশেমুরকবি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- সংশ্লিষ্ট নথিসমূহ/ ব্যক্তিগত নথি।


(নাসের সালেহ চৌধুরী)
উপ-রেজিস্ট্রার